D-696 I - 667 500Rs.

INDIA NON JUDICIAL

५०० रु. Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

Admissible under Regn. Rule ... duly stamped under the India Stamp ... as amended by Act ... and Section 8? of the Calcutt Improvement Act, 1911 Schedule.

IA No. 23 ...

Stamp Duty Paid under the Indian Stamp Act, 1899 as Amended in 1976 Rs [illegible]

Additional duty Paid under the Calcutta Improvement Act 1911

Rs. 20/- Excess ...

Total Rs. [illegible]

...gistrar, Alipore
24-Parganas

মং ১০,০০০.০০ দশ হাজার টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল :-

*************************

কোবালা গ্রহিতা :- শ্রী দেবাশীষ দাস, পিতা শ্রী যতীন্দ্র নাথ দাস, জাতি হিন্দু, পেশা-ব্যবসা, সাং - ব্রহ্মপুর, থানা যাদবপুর, হাল রিজেন্ট পার্ক, কলিকাতা-৮৪ জেলা ২৪ পরগনা।

কোবালা দাতা :- শ্রী যতীন্দ্র নাথ দাস, পিতা ৺ গোপাল চন্দ্র দাস, জাতি হিন্দু, পেশা - ব্যবসা, সাং - ব্রহ্মপুর, থানা যাদবপুর, হাল রিজেন্ট পার্ক, জেলা - ২৪ পরগনা, কলিকাতা-৮৪।

*************************************

কস্য নিম্ন তপশীল বর্ণিত জমি জমা মায় তদুপরিস্থিত গৃহাদি মায় যাবতীয় আকর আওলাতাদি ও তৎসংলগ্ন রাস্তাঘাটের সর্ব্ব প্রকার ইজমেন্ট রাইটস্ সহ সম্পত্তির সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

200Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



জেলা ২৪ পরগনা, থানা যাদবপুর, বর্ত্তমানে রিজেন্ট পার্ক, সাব রেজিষ্ট্রি অফিস আলিপুর, অত্র জেলা কালেক্টারীর মহাল ৬০ নং তৌজি ভুক্ত পরগনা মাগুরা, রে: সা: নং ১৬৯, জে, এল, নং ৪৮, মৌজা ব্রহ্মপুর গ্রামের গত ডি: সেটেলমেন্ট জরীপের ৪৪৪ ও হাল জরীপের ১৮৯ নং খতিয়ান বর্ণিত ৭৪৩ নং দাগের জমি জমা সহ আরও অন্যান্য দাগের বহু জমি জমা আমার পূর্ব্বাধিকারীগণের অর্থাৎ ১। শ্রী বিহারী লাল - বন্দ্যোপাধ্যায়, ২। শ্রী সুবোধ লাল বন্দ্যোপাধ্যায় ও ৩। শ্রীমতী আনন্দময়ী দেবীর খাস দখলীয় সম্পত্তি থাকাকালীন আমি অত্র কোবালা দাতা গত সন ইং ১৯৫০ সালে নিম্ন লিখিত সম্পত্তি মৌরসী মোকররী সূত্রে একক্তো রেজিষ্ট্রিকৃত কবুলিয়ত মূলে সর্ব্ব প্রকার দান, বিক্রয়, হস্তান্তর রূপান্তরের ক্ষমতা যুক্তে চিরস্থায়ী বন্দোবস্ত লইয়া বর্ত্তমান মালিক - জমিদার ২৪ পরগনা কালেক্টার বাহাদুর সেরেস্তায় নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি আদায়ে গৃহাদি নির্ম্মাণ পূর্ব্বক অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে খাসে -






খাসে ভোগবান মালিক দখলীকার থাকা অবস্থায় হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপে - আমার কাগজ পত্র দর্শাইয়া নিজ নাম বরাবর রেকর্ড লিপিবদ্ধ করাইয়া তাহা চূড়ান্ত রূপে প্রকাশ ও প্রচার হয় এবং সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটীতে আমার নিজ নাম পত্তন - পূর্ব্বক ধার্য্য ট্যাক্সাদি আদায় দিতেছি। প্রকাশ থাকে যে, উপরিবর্ণিত কবুলিয়ত দলিল খানির পরিচয় আলিপুর সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ১নং বহির ৫৫ নং ভল্যুমের ১৮১ হইতে ১৮৭ নং পাতায় ১৯৫৫ সালের ২৯৬৬ নং চিরস্থায়ী বন্দোবস্ত দলিলে লিপি- বদ্ধ আছে।

ক্ষণে নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে আমার নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় - আমার স্বত্ব দখলায় নিম্ন তপশীল বর্ণিত স্থানীয় মাপে কমবেশ ৫ পাঁচ কাঠা ৮ আট ছটাক জমি জমা মায় তদুপরিস্থিত গৃহাদি সহ সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে, তুমি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত সম্পত্তি বেনমোক্তা মং ১০,০০০.০০ দশ হাজার টাকা - পণ মূল্য প্রদানে খরিদ করিতে চাহিলে পর, আমি তাহাতে সম্মত হইয়া এবং তোমার প্রস্তাবিত মূল্য বর্ত্তমান বাজার উচিৎ সর্ব্বোচ্চ মূল্য জানিয়া, উক্ত মূল্য ধার্য্য স্বীকারে অদ্য তারিখে তোমার নিকট হইতে পণের লিখিত সমুদয় টাকা নিম্নের ন্যায় মত নগদ

3RS

INDIA

तीन रुपये

सत्यमेव जयते

THREE RUPEES भारत THREE RUPEES



নগদ এককালীন গ্রহণ করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল তোমার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

তুমি অদ্য হইতে অত্র বিক্রিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার নিযুক্ত হইয়া বর্ত্তমান মালিক সরকারে ও হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানে তোমার নিজ নাম পত্তন করত: ধার্য্য কর ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া যদৃচ্ছা সহকারে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাক। তাহাতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে কেহ কস্মিন কালেও কোন প্রকার ওজর আপত্তি ও দাবী দাওয়াদি করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে আর অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহা কোন প্রকার মামলা মোকর্দ্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে বা উহা সরকার কর্ত্তৃক এ্যাকুইজিশান বা

3RS

INDIA

तीन रुपये — तीन रुपये

सत्यमेव जयते

THREE RUPEES भारत THREE RUPEES



বা রিকুইজিশানও হয় নাই কিংবা উহা আমি কোন প্রকার দেব সেবায় অর্পণ করি নাই বা উহার উপর কোন প্রকার লিয়েন বা চার্জ্জ নাই। সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার একক ষোল আনা খাস দখলে ও আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারে বিদ্যমান থাকা অবস্থায় উহা তোমাকে নিঃস্বত্বে সাফ বিক্রয় করিলাম এবং অদ্যই উহাতে তোমাকে খোলসা খাস দখল দিলাম।

আরও প্রকাশ থাকে যে, আমার উপরিউক্ত উক্তি সমূহের মধ্যে যদি কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রকাশ পায়, তাহা হইলে আমি মাফিক আইন আমলে - আসিব এবং তোমার প্রদত্ত পণের সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারতাদি তোমাকে এককালীন ফেরত দিতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে তোমার খরচায় উপযুক্ত সংশোধনী দলিলাদি বিনা পণে বিনা ওজরে পুনরায় - তোমার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে আমি বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সুজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং পণের লিখিত সমুদয় টাকা নিম্নের জায় মত নগদ এককালীন তোমার নিকট হইতে বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ কোবালা দলিল তোমার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী সন ১৯৮৫ সালের ৩০শে জানুয়ারী, বাংলা সন ১৩৯১ সালের ১৬ই মাঘ,

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ও তাহার চৌহদ্দি :-

****************************************

জেলা ২৪ পরগনা, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর, বর্ত্তমানে রিজেন্ট পার্ক, সাব রেজিষ্ট্রি অফিস আলিপুর এলাকাধীন পরগনা মাগুরা, অত্র জেলা কালেকটারীর মহাল ৬০ নং তৌজি ভুক্ত রে: স: নং ১৬৯, জে, এল, নং ৪৮, বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের অন্তর্গত মৌজা ক্ষ্যাপুর গ্রামে সাবেক ৪৪৪ হাল ১৮১ নং খতিয়ান ভুক্ত ৭৪৩ সাত শত তেতাল্লিশ নং দাগে স্থানীয় মাপে কমবেশ ৫ পাঁচ কাঠা ৮ আট ছটাক বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত গৃহাদি মায় সাজ পাট, আকর আওলাতাদি সহ এবং সংলগ্ন রাস্তাঘাটের সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি - সহ সম্পত্তি - অত্র কোবালা ভুক্ত বিক্রিত সম্পত্তি হইতেছে। উহার হারাহারি বার্ষিক খাজনা ১.৭০ পয়সা মাত্র।

উক্ত বিক্রিত সম্পত্তি অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় লাল রঙের রেখার দ্বারা সীমাকৃত হইয়া প্রদর্শিত হইল এবং উক্ত নক্সা অত্র দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র গণ্য ও বলবৎ হইবে।

উহার চৌহদ্দি :-

*****************

উহার চৌহদ্দি :-

****************

উত্তর :- রেনু দাস ও রাস্তার অংশ।

দক্ষিণ :- অরুণ দাস ও রাস্তার অংশ।

পূর্ব্ব :- অচিন্ত্য পাণিগ্রাহি।

পশ্চিম :- রাস্তা।

টাকার জায় :-

*************

১০০.০০ টাকার নোট ১০০ কেতায় .... ....১০,০০০.০০ টাকা

মং দশ হাজার টাকা মাত্র।

শ্রী যতীন্দ্র নাথ দাস
পং: হরেন্দ্র নাথ দাস

ইসাদী :-

১। শ্রী হরেন্দ্র নাথ দাস
সাং: আলিপুর

২। Arun Kumar Devi
Vill- Brahmapur, P.O. Garia
Cal- 84

৩। Shikha Das.
Vill- Brahmapur. P.O. Garia
Cal- 84.

মুসাবিদাকারক :-

টাইপ কারক :-

আলিপুর পুলিশকোর্ট,


কলিকাতা-২৭।

PLAN OF PART R.S. DAG. NO. 743 OF MOUZA
HMAPUR. J. L. NO. 48. ST. NO. II. R.S. NO. 169
L KHATIAN NO. 989. P.S. HAL REGENT PARK.
DIST. 24 PARGANAS.

SCALE:- 1" = 30' FT.

LAND AREA- 5K. 8 CH. 0SFT (MORE OR LESS) IS SHOWN IN RED INK.

OWNER OF THE LAND- DEBASHIS DAS.




DRAWN BY
R.C. KAR.

SIGNATURE

Sub-Registrar, Alipore
Dist. 24-Parganas

Book No. 2
Volume no. 12
Pages 68 to 74
Being No. 667
For the year 19 85

OFFICE OF THE JT. SUB REGISTRAR OF ALIPORE ★ DIST. 24-PARGANAS ★

Sub-Registrar, Alipore
Dist, 24-Parganas
24/2/86